দৈনিক বাংলা

তারিখ ২২।৭।৮২

২৬৩

036

# শিক্ষা প্রতিষ্ঠানে সুস্থ পরিবেশ বজায় রাখুন ঃ তথ্যপ্রতিমন্ত্রী

তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী জনাব নূর মোহাম্মদ খান জাতির বৃহত্তর স্বার্থে এবং জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে সুষ্ঠু নেতৃত্ব গড়ে তোলার উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠানে সুস্থ ও অনুকূল পরিবেশ অক্ষুণ্ণ রাখতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

প্রতিমন্ত্রী আজ সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহ, ৮১' উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল ছাত্র সংসদ আয়োজিত সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

দেশের স্বাধীনতা সংগ্রামে এবং সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়াঙ্গনে ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উল্লেখযোগ্য অবদানের কথা স্মরণ করে জনাব খান বলেন, এ সুনাম অক্ষুণ্ণ রাখতে হলে তাদের সকল প্রকার সংকীর্ণতা ও মত-পার্থক্যের উর্ধ্বে অবস্থান করতে এবং যেকোন অন্যায় অবিচারকে প্রতিহত করার জন্য ঐক্যবদ্ধ প্রচেষ্টা চালাতে হবে।

হলের প্রাধ্যক্ষ ডঃ মহব্বত আলী এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

খবর তথ্যবিবরণীর।